ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-৩২৪৩</u>

আগরতলা, ৯ জানুয়ারি, ২০২০

## <u>টুয়েপে অনলাইন পোর্টালের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী</u>
## সরকারি পরিষেবা স্বচ্ছতার সাথে জনগণের কাছে পৌঁছে দেওয়া অন্যতম লক্ষ্য

আজ রাজ্যে টুয়েপ প্রকল্পের জন্য অনলাইন পোর্টালের আনুষ্ঠানিক উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। আগরতলা পুরনিগম সহ রাজ্যের বিভিন্ন পুর সংস্থার এলাকায় টুয়েপের কাজে স্বচ্ছতা আনার লক্ষ্যেই এই অনলাইন পোর্টালের উদ্বোধন করা হয়। আজ সচিবালয়ের ১ নং কনফারেন্স হলে টুয়েপের অনলাইন পোর্টালের উদ্বোধনের সময় মুখ্যমন্ত্রী ছাড়াও পূর্ত দপ্তরের প্রধান সচিব শশীরঞ্জন কুমার, নগরোন্নয়ন দপ্তরের সচিব কিরণ গিত্যে, আগরতলা পুরনিগমের কমিশনার ডা: শৈলেশ কুমার যাদব এবং নগরোন্নয়ন দপ্তরের অন্যান্য আধিকারিকগণ উপস্থিত ছিলেন। পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব বলেন, সরকারি বিভিন্ন পরিষেবাগুলি স্বচ্ছতার সাথে জনগণের নিকট পৌঁছে দেওয়াই সরকারের অন্যতম লক্ষ্য। তিনি বলেন, টুয়েপে রাজ্য সরকারের ৪০-৫০ কোটি টাকা ব্যয় হয়। রাজ্যে টুয়েপে প্রায় ৬৫ হাজার জব কার্ড রয়েছে। এখন থেকে সবগুলি তথ্যই ওয়েবসাইটে থাকবে। আগে টুয়েপে কোথায় কত টাকা খরচ হয়েছে, কোন খাতে কত টাকা খরচ হয়েছে, কত শ্রমদিবস সৃষ্টি হয়েছে এইসব বিষয়গুলি আগে হাতে করা হত। এখন সেগুলি অনলাইনে হওয়ার ফলে আগরতলা পুরনিগম সহ রাজ্যের বিভিন্ন পুর সংস্থা এলাকায় কত কাজ হয়েছে, কত টাকা ব্যয় হয়েছে ইত্যাদি তথ্যগুলি যেকোনো সাধারণ নাগরিক সহজেই জানতে পারবেন। টুয়েপে অনলাইন পোর্টাল চালু হওয়ার ফলে রাজ্যের বিভিন্ন পুরসংস্থাগুলি স্বচ্ছতার সঙ্গে কাজ করতে পারবে এবং কাজের হিসেব নিকেশ সাধারণ মানুষের কাছে পৌঁছে যাবে। পাশাপাশি এই অনলাইন পোর্টাল চালু হওয়ার ফলে এই প্রকল্পের সঙ্গে যুক্ত সকলেই উপকৃত হবেন বলে মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন। বর্তমান রাজ্য সরকার শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগ ব্যবস্থা, তথ্য প্রযুক্তি সহ প্রতিটি ক্ষেত্রেই পারদর্শিতার সঙ্গে কাজ করছে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন।

******